দৈনিক বাংলা

088

তারিখ 09 APR 1988
পৃষ্ঠা 1 কলাম 1

# শিক্ষার মাধ্যমে মানব সম্পদ উন্নয়নই লক্ষ্যঃ আনিস

শিক্ষা সপ্তাহ উপলক্ষে দেয়া এক বাণীতে শিক্ষামন্ত্রী জনাব আনিসুল ইসলাম মাহমুদ বলেন শিক্ষা বাংলাদেশের প্রতিটি নাগরিকের মৌলিক অধিকার। জ্ঞানের বিকাশ সাধন ও এর মাধ্যমে ব্যক্তি ও সমাজের উন্নয়ন নিশ্চিত করার লক্ষ্যে বর্তমান সরকার শিক্ষার উন্নয়ন ও সম্প্রসারণের উপর সর্বাধিক গুরুত্ব আরোপ

(শেষ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## আনিস

(১ম পৃঃ পর)

করেছেন। সরকারের এই উদ্দেশ্যকে সামনে রেখে জাতীয় উন্নয়ন পরিকল্পনায় শিক্ষা খাতকে বিশেষ প্রাধান্য দেয়া হয়েছে। আমাদের সম্পদের সীমাবদ্ধতা থাকা সত্ত্বেও তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় শিক্ষা খাতে উল্লেখযোগ্য পরিমাণ অর্থ বরাদ্দ রাখা হয়েছে। সর্বজনীন প্রাথমিক শিক্ষা প্রবর্তনের মাধ্যমে শিক্ষা লাভের ব্যাপক সুযোগ সৃষ্টি ও শিক্ষার মান উন্নয়নের জন্য বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ প্রকল্প হাতে নেয়া হয়েছে। প্রকল্পগুলোর উদ্দেশ্য হচ্ছে বর্তমান প্রচলিত শিক্ষা ব্যবস্থার আধুনিকীকরণ ও বিজ্ঞান ভিত্তিক কারিগরি শিক্ষা সম্প্রসারণ।

শিক্ষামন্ত্রী বাণীতে আরও বলেন, শিক্ষার উন্নয়ন ও সম্প্রসারণ কোন ব্যক্তি/গোষ্ঠী/শ্রেণী বিশেষের একক প্রচেষ্টায় সম্ভব নয়। এর সফলতা প্রতিটি সচেতন নাগরিকের সক্রিয় অংশগ্রহণের উপর একান্তভাবে নির্ভরশীল। বাস্তব দৃষ্টিভঙ্গী ও সীমিত সম্পদের সদ্ব্যবহার শিক্ষার অব্যাহত উন্নয়ন ও পরিবর্তন আনয়নে অপরিহার্য।

তিনি বলেন শিক্ষা ক্ষেত্রে আমাদের বর্তমান অবস্থান ও অগ্রগতি সঠিক পর্যালোচনার মাধ্যমে মানব সম্পদের উৎকর্ষ সাধন বর্তমান সরকারের অঙ্গীকার। এ ব্যাপারে শিক্ষা সপ্তাহ ১৩৯৪ উদযাপন চিন্তার নবতর দিগন্ত উন্মোচনে সহায়ক হবে এবং শিক্ষার উন্নয়ন ও সম্প্রসারণে নতুন দিক নির্দেশনা দেবে বলে আমার বিশ্বাস। যে উদ্দেশ্যে ও অঙ্গীকার নিয়ে শিক্ষা সপ্তাহ উদযাপিত হচ্ছে তা সর্বাঙ্গে সফল ও সার্থক হোক এই কামনা করছি। খবর তথ্য বিবরণীর।

### শিক্ষাসচিব

শিক্ষাসচিব জনাব হেদায়েত আহমেদ শিক্ষা সপ্তাহ উপলক্ষে এক বাণীতে বলেছেন, চলতি অর্থবছরে শিক্ষাখাতের ব্যাপক উন্নয়নে ২৭০ কোটি টাকা ব্যয় করা হবে। বার্ষিক উন্নয়ন কর্মসূচীর অধীনে এই খাতে ৪৬টি উন্নয়ন প্রকল্প নেয়া হয়েছে।

তিনি বলেন, শিক্ষাখাতের ব্যাপক সম্প্রসারণ ও মানোন্নয়নে ৭ দফা কার্যক্রম গ্রহণ করা হয়েছে। ১৯৯০ সালের মধ্যে প্রাথমিক স্কুল গমনোপযোগী ৭০ ভাগ ছেলেমেয়েকে বিদ্যালয়ে ভর্তির লক্ষ্যমাত্রা স্থির করা হয়েছে। তিনি আশা প্রকাশ করেন যে শিক্ষা সপ্তাহের উদ্দেশ্য ও অঙ্গীকার সফল হবে।